



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.dot.gov.bd](http://www.dot.gov.bd)

নং-২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০১১.২৫-৪৮২

তারিখ: ১৫ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ।  
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**ভর্তি বিজ্ঞপ্তি**

**শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬**

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তির নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহবান করা যাচ্ছে। প্রতি কলেজে ১২০ টি আসনে (ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং-৩০ টি, ফেব্রিক ইঞ্জিনিয়ারিং-৩০ টি, ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং-৩০ টি ও অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং-৩০ টি) ১০ টি কলেজে সর্বমোট ১২০০ আসনের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা, আবেদন প্রক্রিয়া এবং অন্যান্য নিয়মাবলি নিম্নরূপঃ

**১. কলেজসমূহের নাম, ঠিকানা ও কেন্দ্র কোডঃ**

ক্রঃ নং	কলেজের নাম ও ঠিকানা	কেন্দ্র কোড
১.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, চট্টগ্রাম; ঠিকানাঃ জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম। মোবাইলঃ ০১৬৮৬৯০৭৪৯০	১০১
২.	পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা; ঠিকানাঃ শালগাড়িয়া, পাবনা। মোবাইলঃ ০১৭৩৩১৯২৪১৮	১০২
৩.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, নোয়াখালী; ঠিকানাঃ বেগমগঞ্জ, নোয়াখালী। মোবাইলঃ ০১৭১৪৬৯৭৩২০	১০৩
৪.	বরিশাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল; ঠিকানাঃ সি এন্ড বি রোড, বরিশাল। মোবাইলঃ ০১৭২৭৯৬৪৩০৩	১০৪
৫.	ঝিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঝিনাইদহ; ঠিকানাঃ আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ। মোবাইলঃ ০১৭১৩৯১৮০৭৪, ০১৫৫২৪৭৫৯৭৬	১০৫
৬.	রংপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর; ঠিকানাঃ পীরগঞ্জ, রংপুর। মোবাইলঃ ০১৭২১৭৬২৫৭১	১০৬
৭.	গোপালগঞ্জ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ; ঠিকানাঃ সদর, গোপালগঞ্জ। মোবাইলঃ ০১৭৮০২৭২৬২৭, ০১৭৩১০৬৫৭১৭	১০৭
৮.	জামালপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জামালপুর; ঠিকানাঃ ভাবকী, মেলান্দহ, জামালপুর। মোবাইলঃ ০১৯১৬৮৩৯৩৬৪, ০১৬৭১৩৩৫৩০৪	১০৮
৯.	মাদারীপুর টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মাদারীপুর; ঠিকানাঃ শিবচর, মাদারীপুর। মোবাইলঃ ০১৭৯৫১৯৭৯৭৮	১০৯
১০.	সিলেট টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সিলেট; ঠিকানাঃ দক্ষিণ সুরমা, সিলেট। মোবাইলঃ ০১৬৭৫০০৯১৭১, ০১৭১২৫৬০৯৫৭	১১০

**২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ**

- (ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।  
(খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০২৪ অথবা ২০২৫ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ কমপক্ষে ৩.২৫ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।  
(গ) আবেদনকারীকে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএদ্বয়ের যোগফল (৪র্থ বিষয়সহ) সর্বনিম্ন ৬.৫০ থাকতে হবে।  
(ঘ) আবেদনকারীকে এইচএসসি পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান এবং রসায়নে আলাদাভাবে ন্যূনতম ৩.০০ গ্রেড থাকতে হবে।

(৬) প্রার্থী GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে আলাদা আলাদাভাবে 'B' গ্রেড পেতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয়ে আলাদা আলাদাভাবে 'B' গ্রেড এবং প্রার্থীকে ২০২৪ সাল বা তার পরে GCE 'A' লেভেলের ফলাফল প্রাপ্ত হতে হবে।

GCE 'O' লেভেল এবং GCE 'A' লেভেল পাশকৃত আবেদনকারীদের মার্কশীট/সার্টিফিকেট BUTEX কর্তৃক প্রদত্ত Equivalent Scale অনুযায়ী Equivalence Certificate গ্রহণ করতে হবে এবং Equivalence Certificate প্রাপ্তির জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা বস্ত্র অধিদপ্তরের শিক্ষা শাখার ব্যাংক একাউন্টে (Name: Director General, Department of Textiles (Education), A/C: 0117202001027, Sonali Bank PLC, Kawran Bazar Branch) প্রদানপূর্বক 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর ১৫/০২/২০২৬ খ্রিষ্টাব্দের মধ্যে আবেদন করতে হবে।

### ৩। সংরক্ষিত আসনঃ

কোটা ও সংরক্ষিত আসনের প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। প্রতিটি কলেজে নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ২টি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ১টি, মোট ৩টি আসন সংরক্ষিত থাকবে। ভর্তির সময় যোগ্য প্রার্থীদের ক্ষেত্রে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার জন্য সরকারি বিধি অনুযায়ী প্রদত্ত মূল সার্টিফিকেট ও সত্যায়িত কপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য প্রযোজ্য হবে।

### ৪. আবেদন ফিঃ

আগ্রহী আবেদনকারী ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করে আবেদন করতে পারবেন।

### ৫. ভর্তির আবেদন প্রক্রিয়াঃ

ক. আবেদনকারীকে <http://dot.teletalk.com.bd> ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।

(i) আবেদনকারীগণ online আবেদনপত্রে কলেজ পছন্দক্রম ও পরীক্ষা কেন্দ্র উল্লেখ করবেন। টেলিটকে আবেদনের লক্ষ্যে আবেদনে উল্লিখিত কলেজের পছন্দক্রমই চূড়ান্ত বলে গণ্য হবে।

খ. Online আবেদনপত্রে পরীক্ষার্থীর রজিন ছবি (দৈর্ঘ্য X প্রস্থ) ৩০০ X ৩০০ pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য X প্রস্থ) ৩০০ X ৮০ pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর বেশি হতে পারবে না।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, ফলে online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

### ৬. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত ১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download অথবা প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে।

User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত online আবেদনপত্র গৃহীত হবে না।

**প্রথম SMS:** DOT <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: DOT ABCDEF

Reply: Applicant's name, Tk. 1000 will be charged as application fee.

Your PIN is XXXXXXXX. To pay fee Type DOT <space> Yes<space> PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS:** DOT <space> YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: DOT YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for B.Sc. admission of DOT. User ID is (ABCDEF) and password (xxxxxxxxxx)

চ. আবেদন ফি জমা দেওয়ার পর প্রার্থী User ID এবং Password ব্যবহার করে ২০/০৩/২০২৬ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৩/০৪/২০২৬ খ্রিঃ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক Print (রজিন) করতে পারবেন।

#### ৬. নিম্নবর্ণিত নিয়মাবলি অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ

- (ক) পরীক্ষার বিষয়সমূহ ও নম্বরঃ গণিত - ৬০, পদার্থ বিজ্ঞান - ৬০, রসায়ন - ৬০, ইংরেজি - ২০। সর্বমোট ২০০ নম্বর।
- (খ) ২০২৫ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার নির্ধারিত সিলেবাস অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- (গ) MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের মান হবে ২, পরীক্ষার মোট সময় ১ ঘণ্টা ২০ মিনিট। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।
- (ঘ) ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, ঘড়ি, ডিভাইস যুক্ত কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না।
- (ঙ) কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

#### ৭. প্রার্থী নির্বাচন ও ফলাফল প্রণয়নঃ

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। প্রার্থীর মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের কলেজ ভিত্তিক মেধাতালিকা এবং অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে পরবর্তীতে অপেক্ষমান তালিকা হতে ভর্তি করা হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের মেধা ও আবেদনে উল্লিখিত কলেজের পছন্দক্রম অনুযায়ী পরবর্তীতে কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) সুযোগ থাকবে।

#### ৮. বিভাগ নির্ধারণঃ


ভর্তির পর স্ব-স্ব কলেজ কর্তৃক প্রার্থীর মেধা ও পছন্দ ক্রম অনুযায়ী বিভাগ নির্ধারণ করা হবে।

#### ৯. ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচীঃ

ভর্তি সংক্রান্ত কার্যক্রম	তারিখ
(ক) অনলাইনে ভর্তির জন্য আবেদনের সময়	১৫/০১/২০২৬ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ২৮/০২/২০২৬ খ্রিঃ রাত ১১:৫৯ টা পর্যন্ত।
(খ) প্রবেশপত্র ডাউনলোডের সময়সীমা	২০/০৩/২০২৬ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৩/০৪/২০২৬ খ্রিঃ রাত ১১:৫৯ টা পর্যন্ত।
(গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	০৪/০৪/২০২৬ খ্রিঃ (শনিবার) সময়ঃ সকাল ১০:০০টা হতে ১১:২০ টা পর্যন্ত।
(ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ	০৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড।

#### ১০. প্রার্থী কর্তৃক করণীয় বিষয়ঃ

- ক) ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার রজিন প্রবেশপত্র এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং আবেদন পত্রের সাথে ছবি মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করা হবে। কোন রকম অসামঞ্জস্যতা দেখা গেলে পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল করা হবে।
- খ) প্রবেশপত্র ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হবে এবং এর সকল নির্দেশাবলী যথাযথভাবে মেনে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- গ) ভর্তি সংক্রান্ত কারিগরি সহযোগিতার জন্য [vas.query@teletalk.com.bd](mailto:vas.query@teletalk.com.bd) এ ই-মেইল করে অথবা টেলিটকের কাস্টমার কেয়ার (১২১) নম্বরে অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে ২৪ ঘণ্টা যোগাযোগ করা যেতে পারে।
- ঘ) ভর্তি সংক্রান্ত তথ্য জানতে অফিস চলাকালীন (১৫/০১/২০২৬ খ্রিঃ থেকে ০৩/০৪/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত) ০১৭২৬০৫৮৫৯৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- ঙ) ভর্তি সংক্রান্ত তথ্য/সংশোধনী/ফলাফল [www.dot.gov.bd](http://www.dot.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- চ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
মোঃ শহিদুল ইসলাম  
মহাপরিচালক  
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।

ও  
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।